

সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নম্বরঃ ৪১৬

৬. সদাচার ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرِّ وَالْإِحْسَانِ)

পরিচ্ছেদঃ আমরা পূর্বে যে দুটি বিষয় উল্লেখ করলাম, যে ব্যক্তি এই দুটি কাজ করবে, তার উপর আল্লাহ ও ফেরেস্টাদের লা'নত

ذِكْرُ إِجَابِ لَعْنَةِ اللَّهِ جَلَّ وَعَلَا وَمَلَائِكَتِهِ عَلَى الْفَاعِلِ الْفَعْلَيْنِ الَّذِينَ تَقَدَّمَ ذِكْرُنَا لَهُمَا

আরবী

أَخْبَرَنَا شَبَابُ بْنُ صَالِحٍ قَالَ حَدَّثَنَا وَهْبُ بْنُ بَقِيَّةَ قَالَ أَخْبَرَنَا خَالِدٌ عَنْ خَالِدٍ عَنْ أَبِي عُمَانَ عَنْ سَعْدِ بْنِ مَالِكٍ قَالَ سَمِعْتُهُ أُذْنَايَ وَوَعَاهُ قَلْبِي مِنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنَّهُ قَالَ " مَنْ ادَّعَى أَبَا فِي الْإِسْلَامِ وَهُوَ يَعْلَمُ أَنَّهُ غَيْرُ أَبِيهِ فَالْجَنَّةُ عَلَيْهِ حَرَامٌ " قَالَ فَذَكَرْتُ ذَلِكَ لِأَبِي بَكْرَةَ قَالَ وَأَنَا سَمِعْتُهُ أُذْنَايَ وَوَعَاهُ قَلْبِي مِنَ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ."

الراوي : أبو عثمان عن سعد بن مالك | المحدث : العلامة ناصر الدين الألباني |

المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم : 416 | خلاصة حكم المحدث : صحيح.

বাংলা

৪১৬. সা'দ বিন মালিক রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, আমার দুই কান শ্রবণ করেছে, আমার অন্তর হৃদয়ঙ্গম করেছে; নিশ্চয়ই রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: “যে ব্যক্তি ইসলামে কাউকে বাবা দাবী করে, অথচ সে জানে যে সে ব্যক্তি তার বাবা নয়, তবে তার জন্য জান্নাত হারাম।” তখন আবু বাকরাহ রাদিয়াল্লাহু আনহু বলেন: “এটি আমিও রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে বলতে শুনেছি।” তিনি বলেন, আমি হাদীসটি আবু বাকরাহ রাদিয়াল্লাহু আনহুকে বললে, তিনি বলেন, এটি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থেকে আমার দুই কান শ্রবণ করেছে, আমার অন্তর হৃদয়ঙ্গম করেছে।”[1]

ফুটনোট

[1] সহীহ আল বুখারী: ৬৭৬৬; সুনানু বাইহাকী: ৭/৪০৩; মুসনাদ আহমাদ: ১/১৮১; সহীহ মুসলিম: ১৩৭০; আবু

দাউদ: ৫১১৫; আত তায়ালিসী: ২২৭৪; ইবনু মাজাহ: ২৬১১; মাজমা'উয যাওয়াইদ: ১/৯৮।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (গয়াতুল মারাম: ২৬৭)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ সা'দ ইবনু মালিক (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=88881>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন